116 mm X 160 mm

# Dermasim®

Clotrimazole

## Composition
**Dermasim®** 1% Cream: Each gram contains Clotrimazole BP 10 mg.

## Pharmacology
**Dermasim®** is the preparation of Clotrimazole which is a broad-spectrum antifungal. It also exhibits activity against *Trichomonas, Staphylococci, Streptococci* and *Bacteroides.*

## Indication
**Dermasim®** is indicated for all dermatomycoses due to dermatophytes (e.g., *Trichophyton* species), yeasts (e.g., *Candida* species), mould and other fungi and skin diseases showing superinfections with these fungi.

The above mentioned dermatomycoses include interdigital mycoses (e.g., athlete's foot), paronychias (associated with nail mycoses), mycoses in skin and skin folds, candida vulvitis, candida balanitis, pityriasis versicolor, ringworn and erythrasma.

## Dose and administration
***Route of administration:*** **Dermasim®** 1% Cream should be applied topically.
Wash skin with soap and water and dry thoroughly. Apply a thin layer of the cream 2-3 times daily and gently message over affected area as directed by the physician. For athlete's foot, pay special attention to the spaces between the toes. Best results in athlete's foot and ringworm are usually obtained with 4 weeks use of this product and in jock itch with 2 weeks use. The cream should be applied two or three times daily for one month or for at least two weeks after the disappearance of all signs of infection. If satisfactory results have not occurred within these times, consult a physician.
For best results, follow the directions and continue treatment for length of time indicated.
Dermatomycoses: 3-4 weeks.
Candida vulvitis and candida balanitis: 1-2 weeks.
Erythrasma and pityriasis versicolor: (approx.) 3 weeks.
In fungal infection of the feet, to prevent relapses, treatment should be continued for about 2 weeks beyond the disappearance of all signs of disease.

## Contraindication
Possible hypersensitivity to clotrimazole or any other ingredients of the product.

## Warning and precaution
For external use only. Not intended for ophthalmic use. Discontinue the product if skin rash or new irritation occurs.

## Side effect
Local reactions including skin irritation and burning may occur. Contact allergic dermatitis has also been reported.

## Use in pregnancy and lactation
**Pregnancy:** Clotrimazole can be used during pregnancy but only under the supervision of a physician.
**Lactation:** As many drugs are excreted in human milk, a decision must be made whether to discontinue breastfeeding or to discontinue clotrimazole therapy.

## Drug Interaction
When used together, this cream may cause damage to latex contraceptives. Consequently the effectiveness of such contraceptives may be reduced. Patients should be advised to use alternative precautions for at least five days after using this cream.

## Overdose
No risk of acute intoxication is seen as it is unlikely to occur following a single dermal application of an overdose or inadvertent oral ingestion. There is no specific antidote.

## Storage
Store in a cool (below 25°C) and dry place protected from light. Keep away from the reach of children.

## Packing
**Dermasim®** 1% Cream: Tube of 15 g.

® Registered Trade Mark

**Advanced Chemical Industries Limited**
7, Hajeegonj Road, Godnyl
Narayangonj, Bangladesh

030814

# ডার্মাসিম®

ক্লোট্রিমাজোল

## উপাদান
**ডার্মাসিম®** ১% ক্রীমঃ প্রতি গ্রাম ক্রীমে আছে ক্লোট্রিমাজোল বিপি ১০ মিগ্রা।

## ফার্মাকোলজি
**ডার্মাসিম®** হচ্ছে ক্লোট্রিমাজোল দ্বারা তৈরি যা একটি বিস্তৃত-বর্ণালীর ছত্রাকনাশক। এছাড়া *ট্রাইকোমোনাস*, *স্ট্যাফাইলোকক্কাই*, *স্ট্রেপ্টোকক্কাই* এবং *ব্যাকটেরয়েডসের* বিরুদ্ধেও এর কার্যকারিতা রয়েছে।

## নির্দেশনা
**ডার্মাসিম®** ডার্মাটোফাইটস (যেমন- *ট্রাইকোফাইটন* প্রজাতি), ঈস্ট (যেমন- *ক্যানডিডা* প্রজাতি), মোল্ড ও অন্যান্য ছত্রাক দ্বারা সৃষ্ট ডার্মাটোমাইকোসিস এবং এসব ছত্রাক দ্বারা সৃষ্ট অতিসংক্রমণশীল চর্মরোগের চিকিৎসায় নির্দেশিত।

উপরোল্লিখিত ডার্মাটোমাইকোসিসের মধ্যে রয়েছে ইন্টারডিজিটাল মাইকোসিস (যেমন- এ্যাথলেটস ফুট), প্যারোনাইকিয়াস (নখের মাইকোসিস সংশ্লিষ্ট), ত্বক ও ত্বকের ভাঁজের মাইকোসিস, ক্যানডিডা ভালভাইটিস, ক্যানডিডা ব্যালানাইটিস, পিটাইরিয়াসিস ভার্সিকালার, রিংওয়ার্ম এবং ইরাইথ্রাসমা।

## সেবনমাত্রা ও প্রয়োগবিধি
***ওষুধ গ্রহণের পথঃ*** **ডার্মাসিম®** ১% ক্রীম শুধুমাত্র ত্বকীয় ব্যবহারের জন্য।
সাবান ও পানি দিয়ে ত্বক ভালভাবে ধুয়ে ফেলতে হবে এবং শুকিয়ে নিতে হবে। চিকিৎসকের পরামর্শ অনুযায়ী ওষুধের পাতলা প্রলেপ ক্ষতস্থানে প্রতিদিন ২-৩ বার লাগাতে হবে এবং আলতোভাবে ঘষে নিতে হবে। এ্যাথলেটস ফুট এর ক্ষেত্রে আঙ্গুলের ফাঁকের প্রতি বিশেষ যত্নবান হতে হবে। এ্যাথলেটস ফুট, রিংওয়ার্ম এর ক্ষেত্রে ওষুধ ব্যবহারের ৪ সপ্তাহের মধ্যে এবং জক ইচ্ এর ক্ষেত্রে ২ সপ্তাহের মধ্যে ভাল ফল পাওয়া যায়। উপসর্গসমূহ দূর হয়ে যাওয়ার পরেও প্রতিদিন দুই থেকে তিন বার করে একমাস অথবা কমপক্ষে দুই সপ্তাহ ওষুধটি ব্যবহার করা উচিত। যদি এসময়ের মধ্যে আশানুরূপ ফল পাওয়া না যায়, তবে চিকিৎসকের পরামর্শ নিতে হবে। সবচেয়ে ভাল ফল লাভের জন্য নির্দেশনা মেনে চলতে হবে এবং নির্দিষ্ট সময় পর্যন্ত চিকিৎসা অব্যাহত রাখতে হবে।
ডার্মাটোমাইকোসিসঃ ৩-৪ সপ্তাহ।
ক্যানডিডা ভালভাইটিস এবং ক্যানডিডা ব্যালানাইটিসঃ ১-২ সপ্তাহ।
ইরাইথ্রাসমা এবং পিটাইরিয়াসিস ভার্সিকালারঃ (আনুমানিক) ৩ সপ্তাহ।
পায়ে ছত্রাকের পুনঃসংক্রমণ প্রতিরোধে উপসর্গসমূহ দূর হয়ে যাওয়ার পরে আরো ২ সপ্তাহ ওষুধটি ব্যবহার করা উচিত।

## প্রতিনির্দেশনা
যাদের ক্লোট্রিমাজোল বা এই ওষুধের অন্যান্য উপাদানের প্রতি অতিসংবেদনশীলতা রয়েছে তাদের ক্ষেত্রে এই ক্রীমটি প্রতিনির্দেশিত।

## সাবধানতা ও সচেতনতা
কেবলমাত্র দেহের বহিরাংশে ব্যবহারের জন্য। চোখে ব্যবহারের জন্য নয়। ত্বকে র‍্যাশ বা নতুন করে চুলকানি দেখা দিলে ক্রীমটি ব্যবহার বন্ধ করে দিতে হবে।

## পার্শ্ব প্রতিক্রিয়া
ত্বকে চুলকানি এবং জ্বালাপোড়ার মত পার্শ্ব প্রতিক্রিয়া দেখা দিতে পারে। কন্ট্যাক্ট এলার্জিক ডার্মাটাইটিসের ঘটনাও পরিলক্ষিত হয়েছে।

## গর্ভাবস্থায় ও স্তন্যদানকালে ব্যবহার
**গর্ভাবস্থায়ঃ** গর্ভাবস্থায় কেবলমাত্র চিকিৎসকের তত্ত্বাবধানে ক্লোট্রিমাজোল ক্রীম ব্যবহার করা যেতে পারে।
**স্তন্যদানকালেঃ** যেহেতু অনেক ওষুধ মাতৃদুগ্ধে নিঃসৃত হয়, তাই স্তন্যদান বন্ধ করতে হবে বা ক্লোট্রিমাজোল থেরাপি বন্ধ করতে হবে কিনা এ ব্যাপারে অবশ্যই সিদ্ধান্ত গ্রহণ করতে হবে।

## ওষুধের প্রতিক্রিয়া
একত্রে ব্যবহার করা হলে, ক্রীমটি ল্যাটেক্স কনট্রাসেপটিভ এর ক্ষতি সাধন করতে পারে। এর ফলে এরকম কনট্রাসেপটিভের কার্যকারিতা কমে যেতে পারে। এই ক্রীমটির ব্যবহার শেষ হওয়ার পরবর্তী ৫ দিন পর্যন্ত বিকল্প সতর্কতামূলক ব্যবস্থা অবলম্বনের ব্যাপারে রোগীদেরকে পরামর্শ দেয়া উচিত।

## মাত্রাধিক্য
ত্বকীয় প্রয়োগের ক্ষেত্রে শুধুমাত্র একবার মাত্রাধিক্য হলে বা অসাবধানতাবশত গলধঃকরণ করলেও তীব্র ইনটক্সিকেশনের ঝুঁকি বেশ কম। কোন নির্দিষ্ট প্রতিষেধক নেই।

## সংরক্ষণ
আলো থেকে দূরে, ঠাণ্ডা (২৫° সে. এর নিচে) ও শুষ্ক স্থানে রাখুন। শিশুদের নাগালের বাইরে রাখুন।

## প্যাকিং
**ডার্মাসিম®** ১% ক্রীমঃ প্রতি টিউবে আছে ১৫ গ্রাম ক্রীম।

® রেজিস্টার্ড ট্রেড মার্ক

**এডভান্সড কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ লিমিটেড**
৭, হাজীগঞ্জ রোড, গোদনাইল
নারায়ণগঞ্জ, বাংলাদেশ